গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

৭২

## শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির (নভেম্বর ২০২০ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ১৫/১১/২০২০
সময় : বিকাল ০৪.০০ টা
স্থান : জুম এ্যাপস এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১৫/১০/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব-কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪,০০.০০০০. ৮২২.১৪.০২২.১৬.১৪১ নং স্মারকের মাধ্যমে জানিয়েছে যে, ২০২০-২১ অর্থ-বছরের মন্ত্রণালয়/ বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কোন যৌক্তিক কারণে সংশোধনের প্রয়োজন হলে স্ব স্ব কার্যালয়ের নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিত করে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সংশোধন করা যাবে। মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত পত্রের নির্দেশনামতে শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কোন কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সমস্যা থাকলে সেসব লক্ষ্যমাত্রা সংশোধনের বিষয়ে যৌক্তিকতাসহ সংশোধনী প্রস্তাব প্রেরণের জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সে পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংশোধনী প্রস্তাব পাওয়া গেছে :<br><br>সংশোধনী প্রস্তাবসমূহ :<br><br>বিদ্যমান :<br>৩.২ বিএসটিআই'র কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান নীতিমালা ২০২০ অনুমোদন<br><br>লক্ষ্যমাত্রা :<br>১০/১০/২০২০ | শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কোন কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সমস্যা থাকায় মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিত করে নিম্নলিখিত সংশোধনের বিষয়ে অনুমোদন প্রদান করা হলো :<br>বিদ্যমান :<br>৩.২ বিএসটিআই'র কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান নীতিমালা ২০২০ অনুমোদন<br><br>লক্ষ্যমাত্রা :<br>১০/১০/২০২০<br><br>সংশোধনী প্রস্তাব :<br><br>৩.২ বিএসটিআই'র কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান নীতিমালার খসড়া প্রণয়ন<br>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা :<br>৩০/০৪/২০২১<br>৩.৩ প্লাস্টিক শিল্প উন্নয়ন নীতিমালা, ২০২০ প্রণয়ন<br><br>বিদ্যমান লক্ষ্যমাত্রা : ০১/৩/২০২১<br><br>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা: ৩০/৬/২০২১<br><br>৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন<br><br>বিদ্যমান লক্ষ্যমাত্রা : ৩১/০৮/২০২০ | সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়<br><br>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |



৭

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সংশোধনী প্রস্তাব :<br><br>৩.২ বিএসটিআই'র কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান নীতিমালার খসড়া প্রণয়ন<br>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা :<br>৩০/০৪/২০২১<br>৩.৩ প্লাস্টিক শিল্প উন্নয়ন নীতিমালা, ২০২০ প্রণয়ন<br><br>বিদ্যমান লক্ষ্যমাত্রা : ০১/৩/২০২১<br><br>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা: ৩০/৬/২০২১<br><br>৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন<br><br>বিদ্যমান লক্ষ্যমাত্রা : ৩১/০৮/২০২০<br><br>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা :<br>৩১/১২/২০২০<br><br>উপর্যুক্ত সংশোধনী প্রস্তাবসমূহ সদয় অনুমোদিত হলে মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিত করে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে। | প্রস্তাবিত লক্ষ্যমাত্রা :<br>৩১/১২/২০২০ | |
| ২ | শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার প্রতিবেদন অনুযায়ী দপ্তর/ সংস্থায় নিয়মিত ই-নথি/ই-মেইলের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং শিল্প মন্ত্রণালয়ে এ কার্যক্রম অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ বিষয়টি মনিটর করবেন। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৩ | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ-আরও উদ্যোগী এবং আন্তরিক হতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৫/১১/২০২০ খ্রি.
(কে এম আলী আজম )
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়